

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪৮

২৩/ মানত ও কসম (ﷺ کتاب الندور والأيمان عن رسول الله) পরিচ্ছেদঃ স্বীয় খাদেমকে থাপ্পড দেওয়া।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَلْطِمُ خَادِمَهُ

আরবী

حَدَّقَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّقَنَا الْمُحَارِبِيُّ، عَنْ شُعْبَةَ، عَنْ حُصَيْنِ، عَنْ هِلاَلِ بْنِ يِسَافٍ، عَنْ سُويْدِ بْنِ مُقَرِّنِ الْمُزَنِيِّ، قَالَ لَقَدْ رَأَيْتُنَا سَبْعَةَ إِخْوَةٍ مَا لَنَا خَادِمٌ إِلاَّ وَاحِدَةٌ فَلَطَمَهَا سُويْدِ بْنِ مُقَرِّنِ الْمُزَنِيِّ، قَالَ لَقَدْ رَأَيْتُنَا سَبْعَةَ إِخْوَةٍ مَا لَنَا خَادِمٌ إِلاَّ وَاحِدَةٌ فَلَطَمَهَا أَحَدُنَا فَأَمَرَنَا النَّبِيُّ صلى الله عليه وسلم أَنْ نُعْتِقَهَا . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ حُصَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ فَذَكَرَ بَعْضَهُمْ فِي الْحَدِيثِ قَالَ لَطَمَهَا عَلَى وَجْهِهَا . حُصَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ فَذَكَرَ بَعْضَهُمْ فِي الْحَدِيثِ قَالَ لَطَمَهَا عَلَى وَجْهِهَا .

বাংলা

১৫৪৮। আবূ কুরায়ব (রহঃ) ... সুওয়ায়দ ইবনু মুকাররিন মুযানী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমাদের অবস্থা দেখেছি যে, আমরা ছিলাম সাত ভাই। অথচ আমাদের একটি ছাড়া কোন দাসী ছিল না। একদিন আমাদের একজন তাকে থাপ্পড় মারে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একে আযাদ করে দিতে নির্দেশ দিলেন।

সহীহ, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৪২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ। হুসায়ন ইবনু আবদুর রহমান (রহঃ) থেকে একাধিক রাবী এটি রিওয়ায়ত করেছেন। কোন রাবী এই হাদীসটি উল্লেখ করেন যে, আই ক্রিট্রা দাসীর চেহারায় সে থাপ্পড় মেরেছিল।

English

Narrated Suwaid bin Mugarrin Al-Muzani:

"We were seven brothers without a servant except one, and one of us slapped her, so the Prophet (ﷺ) ordered us to free her."



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুওয়াইদ ইবনু মুকাররিন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন